সংবাদ

তারিখ ... 22 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 2 ......

-সংবাদ

### অনিয়ম ও মামলা জটিলতায়

# রাজশাহী হোমিও মেডিকেল কলেজের ৮ শতাধিক শিক্ষার্থীর লেখাপড়া হুমকিতে

### অনিশ্চিত ভর্তি পরীক্ষা

**প্রতিনিধি, রাজশাহী**

রাজশাহী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের অনিয়ম- ও প্রাক্তন অধ্যক্ষের একাধিক মামলা জটিলতার কারণে কলেজের প্রায় ৮ শতাধিক ছাত্রছাত্রীর লেখা পড়া বন্ধ হতে চলেছে। প্রথম বর্ষে নতুন ছাত্রছাত্রীদের ভর্তির অনিশ্চয়তা দেখা দিয়েছে। শুধু তাই নয় এই জটিলতার ফলে কলেজের ৮ শতাধিক ছাত্রছাত্রীর ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ, ৪র্থ বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণের কোন ব্যবস্থা নেই বলে জানা গেছে। এমনকি অন্যান্য কলেজে ফরম পূরণ শুরু হলেও এই কলেজে ফরম এর অভাবে ফরম পূরণের কাজও বন্ধ রয়েছে। তাছাড়া বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড আগামী মাসের ২ তারিখের মধ্যে ফরম পূরণের সময় বেঁধে দিয়েছেন বলে ভুক্তভুগী একাধিক শিক্ষার্থী জানিয়েছেন। অনুসন্ধানে জানা গেছে, দীর্ঘ দিন যাবৎ মামলার জটিলতার কারণে কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদি বন্ধ রয়েছে প্রায় ৭ মাস ধরে। নামপ্রকাশ না করা শর্তে ভুক্তভুগী একাধিক শিক্ষার্থী ও শিক্ষক জানিয়েছেন, এই জটিলতা নিরসনে, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, স্বাস্থ্য অধিদপ্তর, সংশ্লিষ্ট প্রশাসনসহ সচেতন রাজশাহীবাসী এগিয়ে না এলে কলেজের প্রায় আট শতাধিক ছাত্রছাত্রীর লেখা পড়া বন্ধ হয়ে পড়বে। এমনকি বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড অক্টোবরের ২ তারিখের মধ্যে ফরম পূরণের যে সময় বেঁধে দিয়েছে তারও অনিশ্চয়তা দেখা দিয়েছে। এ ব্যাপারে জানতে কলেজের বোর্ড কর্তৃক নিয়োজিত অধ্যক্ষ অধ্যাপক ডা. আনিছুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সাংবাদিকদের জানান, সাবেক অধ্যক্ষ ড. ইয়াছিন আলীর স্ত্রী সায়েরা বানু আদালতে রিট করায় আইনি জটিলতার কারণে ভর্তি ফরম এখনও আমাদের দেয়া হয়নি। বিষয়টি প্রক্রিয়াধীন আছে। ভর্তি ফরম পেলেই ভর্তির কার্যক্রম শুরু করা হবে।